# বুলুগুল মারাম

হাদিস নাম্বারঃ ৩১৮

পর্ব - ২ঃ সালাত (كتاب الصلاة)

পরিচ্ছেদঃ ৭. সালাত সম্পাদনের পদ্ধতি - নবী (ﷺ) এর প্রতি দরূদ পাঠ করার নিয়ম

আরবী

وَعَنْ أَبِي هُرَيْرَةَ ـ رضي الله عنه ـ قَالَ: قَالَ رَسُولُ اللَّهِ ـ صلى الله عليه وسلم: إِذَا تَشَهَّدَ أَحَدُكُمْ فَلْيَسْتَعِذْ بِاللَّهِ مِنْ أَرْبَعٍ, يَقُولُ: اللَّهُمَّ إِنِّي أَعُوذُ بِكَ مِنْ عَذَابِ جَهَنَّمَ, وَمِنْ عَذَابِ الْقَبْرِ, وَمِنْ فِتْنَةِ الْمَحْيَا وَالْمَمَاتِ, وَمِنْ شَرِّ فِتْنَةِ الْمَسِيحِ الدَّجَّالِ. مُتَّفَقٌ عَلَيْهِ

وَفِي رِوَايَةٍ لِمُسْلِمٍ: «إِذَا فَرَغَ أَحَدُكُمْ مِنَ التَّشَهُّدِ الْأَخِيرِ

صحيح. رواه مسلم (588)، وعزوه للبخاري وهم من الحافظ ـرحمه اللهـ إذ الحديث ليس فيه، وإنما الذي في البخاري من فعله ـصلى الله عليه وسلمـ، وهذا من أمره. ولفظه في «البخاري» (1377): كان رسول الله ـصلى الله عليه وسلمـ يدعو: «اللهم إني أعوذ بك من عذاب القبر، ومن عذاب النار، ومن فتنة المحيا والممات، ومن فتنة المسيح الدجال». وهذه الرواية عند مسلم (588) (131)، فهذا اللفظ هو المتفق عليه وليس الذي ذكره الحافظ

صحيح. رواه مسلم (588) (130)

বাংলা

৩১৮. আবূ হুরাইরা (রাঃ) থেকে বর্ণিত। তিনি বলেন, আল্লাহর রসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বলেছেন যখন

তোমাদের কেউ তাঁশাহহুদ পড়ে শেষ করবে তখন যেন চারটি জিনিস থেকে আল্লাহর নিকট পানাহ চায় (তা হলো) উচ্চারণ : আল্লাহুম্মা ইন্নী আউযুবিকা মিন 'আযাবি জাহান্নামা, ওয়া মিন 'আযাবিল কাবরি ওয়া মিন ফিতনাতিল মাহয়া ওয়াল মামাতি, ওয়া মিন শাররি ফিতনাতিল মাসীহিদ-দাজ্জাল। অর্থ: হে আল্লাহ! আমি আপনার সমীপে পানাহ চাচ্ছি জাহান্নামের শাস্তি হতে, কবরের শাস্তি হতে, জীবন ও মরণের ফিতনা হতে এবং মাসীহ দাজ্জাল এর ফিতনা হতে।[1]

মুসলিমের বর্ণনায় আছে: "যখন তোমাদের কেউ শেষের বৈঠকের তাশাহহুদ শেষ করে" (তারপর উপরোক্ত দু'আটি পড়বে)।[2]

## ফুটনোট

[1] বুখারীর (হাঃ ১৩৭৭) বর্ণনায় রয়েছে, নাবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম দু'আ করতেন, اللهم إني أعوذ بك من عذاب القبر، ومن عذاب النار، ومن فتنة المحيا والممات، ومن فتنة المسيح الدجال হে আল্লাহ! আমি আপনার সমীপে পানাহ চাচ্ছি কবরের শাস্তি হতে, জাহান্নামের শাস্তি হতে, জীবন ও মরণের ফিতনা হতে এবং মাসীহ দাজ্জাল এর ফিতনা হতে।

[2] বুখারী ১৩৭৭, মুসলিম ৫৮৮, তিরমিযী ৩৬০৪, নাসায়ী ১৩১০, ৫৫০৫, ৫৫০৬, ৫৫০৮, ৫৫০৯, আবূ দাউদ ৯৮৩, ইবনু মাজাহ ৯০৯, আহমাদ ৭১৯৬, ৩৭২৮০, ১০৩৮৯, দারেমী ১৩৪৪

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ তাওহীদ পাবলিকেশন  বর্ণনাকারীঃ আবূ হুরায়রা (রাঃ)

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=70129

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন